দৈনিক
ইনকিলাব

তারিখ 28 APR 2009
পৃষ্ঠা ১২ কলাম ৮

# বেসরকারী ইউনানী আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এমপিওভুক্তির দাবী

**প্রেস বিজ্ঞপ্তি :** গত ২৪ এপ্রিল ঢাকার বখশীবাজারস্থ তিব্বিয়া হাবিবিয়া কলেজ ভবনে বাংলাদেশ ইউনানী মেডিকেল এসোসিয়েশনের কেন্দ্রীয় ওয়ার্কিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এসোসিয়েশনের কেন্দ্রীয় সভাপতি ও হামদর্দ-এর ব্যবস্থাপনা পরিচালক হাকীম মোঃ ইউছুফ হারুন ভুঁইয়া। সভায় ওষুধি উদ্ভিদের চাষাবাদের প্রতি গুরুত্ব দেয়া হয় এবং বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের অঙ্গীকার অনুযায়ী স্থানীয় ওষুধি উদ্ভিদের যথাযথ সদ্ব্যবহারের মাধ্যমে গ্রামীণ জনগণের মাঝে প্রাথমিক স্বাস্থ্যসেবা পৌঁছে দেয়ার জন্য সকলের প্রতি আহ্বান জানানো হয়।

এছাড়া আসন্ন বাজেটে ইউনানী-আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতির জন্য সরকারী-বেসরকারী খাতে স্বাস্থ্য বাজেটের ১০ ভাগ বাজেট বরাদ্দসহ ইউনানী শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অবকাঠামো উন্নয়ন, ডিগ্রী-ডিপ্লোমা নির্বিশেষে হাকীম নিয়োগ, ডিপ্লোমা পরবর্তীতে উচ্চতর শিক্ষার সুযোগ সৃষ্টি এবং বেসরকারী ইউনানী কলেজগুলোকে এমপিওভুক্তিকরণের জোর দাবী জানিয়ে বক্তব্য রাখেন হাকীম মোঃ ইউসুফ হারুন ভুঁইয়া, হাকীম আ খ মাহবুবুর রহমান, হাকীম ফেরদৌস ওয়াহিদ, হাকীম আবুল কালাম পাটোয়ারী, হাকীম আব্দুল মজিদ মিয়া, হাকীম নৃপেন্দ্রনাথ বৈরাগী, হাকীম তোফাজ্জল হোসেন প্রমুখ।